

এসএসসির খাতা দেখছে ৯ম শ্রেণির শিক্ষার্থীরা!

অনলাইন ডেক্স

প্রকাশিত: ২২:২৪, ৩ এপ্রিল ২০২৪



এসএসসির খাতা দেখছে ৯ম শ্রেণির শিক্ষার্থীরা।

গাজীপুর সিটি করপোরেশনের পূর্বাইলস্ট হারবাইদ স্কুল অ্যান্ড কলেজের প্রধান শিক্ষক আবু নাওয়ার বিরুদ্ধে এসএসসি পরীক্ষার খাতা তারই শিক্ষাপ্রতিষ্ঠানের ৯ম শ্রেণির ছাত্রীদের দিয়ে নাম্বারিং করানোর অভিযোগ উঠেছে। এরই একটি ভিডিওতে এটি দেখা যায়।

UNIBOTS

ভিডিওতে দেখা যায়, হারবাইদ স্কুল অ্যান্ড কলেজের একটি কক্ষে বিদ্যালয়ের পোশাক পরিহিত কয়েকজন নারী শিক্ষার্থী নিজেদের ক্লাস বাদ দিয়ে শিক্ষা বোর্ড কর্তৃক দেওয়া এসএসসি পরীক্ষার খাতা দেখছেন।

ওই সময় ভিডিও ধারণকারী উপস্থিত প্রধান শিক্ষক নাটমের কাছে জানতে চান ছাত্রীদের দিয়ে কি করানো হচ্ছে উত্তরে প্রধান শিক্ষক বলেন, খাতায় বিত্ত ভরাটের কাজ করছি।

ভিডিও ধারণকারী আবারো জানতে চান, ক্লাস বাদ দিয়ে ছাত্রীরা কেন বিত্ত ভরাট করছে। বিত্ত ভরাট তো ওদের কাজ নয়। শিক্ষা বোর্ড কি এটার পারমিট করে? তৎক্ষণিকভাবে প্রধান শিক্ষক ওই ছাত্রীদের খাতা দেখা থেকে বিরত করে রুম থেকে বের করে দেন এবং বলেন, বোর্ড এটা পারমিট করে না।

এ বিষয়ে ওই প্রধান শিক্ষকের কাছে মোবাইল ফোনে জানতে চাইলে, বিষয়টি এড়িয়ে গিয়ে তিনি বলেন- ছাত্রীরা আমার খাতা দেখেনি।

